

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

অফিস আদেশ নং ১৬০/২০১৫ (এ এন্ড সি)

তারিখঃ- ৫/৭/১৫

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত প্রার্থীকে তার নামের ডান পার্শ্বে বর্ণিত পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৯ম ধাপে ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০/- টাকা বেতন স্কেলে ও প্রচলিত অন্যান্য ভাতাদিসহ কর্মে যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিস হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

শর্তাবলীঃ-

১. চাকুরীতে যোগদানের সময় সংশ্লিষ্ট প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট মূল সার্টিফিকেট অফিসে জমা দিতে হবে।
২. বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর ৬ (১) (ক) বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্মচারীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। তবে নিয়োগকর্তা কারণ লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট কর্মচারীর শিক্ষানবিস মেয়াদ ০৩ (তিন) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।
৩. উক্ত নিয়োগ বিধির ৬(২) বিধি মোতাবেক শিক্ষানবিসকালে কোন কর্মচারীর আচরণ ও কাজ অসন্তোষজনক হলে অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে উক্ত কর্মচারীর শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত হওয়ার পূর্বেই যে কোন সময়ে তাকে চাকুরী থেকে সরাসরি বাদ দিতে পারবেন।
৪. উক্ত নিয়োগ বিধির ৬(৩) বিধি মোতাবেক শিক্ষানবিস মেয়াদ শেষ হওয়ার পর সংশ্লিষ্ট কর্মচারীর আচরণ ও কাজকর্ম কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক মনে হলে কর্তৃপক্ষ বিভিন্ন সময় নির্ধারিত পরীক্ষা ও প্রশিক্ষণে কৃতকার্যতা সাপেক্ষে তার চাকুরী স্থায়ী করবেন। তবে সংশ্লিষ্ট কর্মচারীর আচরণ ও কাজকর্ম ঐ সময় সন্তোষজনক না হলে উক্ত নিয়োগ বিধির ৬(৩) বিধি মোতাবেক তাকে সরাসরি চাকুরীচ্যুত করতে পারবেন।
৫. শিক্ষানবিস হিসেবে নিয়োগপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মচারীর প্রাক-পরিচয় যাচাই (Police Verification) সন্তোষজনক না হলে বা নিয়োগকালে কোন তথ্য গোপন করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে তার নিয়োগ আপনা-আপনি বাতিল/অবসান হয়েছে বলে গণ্য হবে।
৬. প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় একটি প্রতিশ্রুতি (Undertaking) ফরম পূরণ করতে হবে এবং নিজ খরচে সিভিল সার্জন/মেডিক্যাল বোর্ডের নিকট থেকে শারীরিক যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে।
৭. শিক্ষানবিস হিসেবে নিয়োগপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগে কাজ করতে সম্মত থাকতে হবে।
৮. চাকুরীতে যোগদানের নিমিত্ত সংশ্লিষ্ট প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

ক্রমিক নং	নিয়োগকৃত প্রার্থীর নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা	পরীক্ষায় রোল নং	পদের নাম
০১	সুস্মিতা বসাক পিতা-সাধন কুমার বসাক বাসা ও সড়ক (নাম/নম্বর): আফজাল খান রোড গ্রাম/পাড়া/মহল্লাঃ কালীবাড়ী, সিরাজগঞ্জ ডাকঘর-সিরাজগঞ্জ পোস্টকোড নম্বরঃ ০৩ উপজেলাঃ সিরাজগঞ্জ জেলাঃ সিরাজগঞ্জ	০১	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

উপরে উল্লেখিত শর্তাবলীতে রাজি থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীকে অবিলম্বে তার নামের ডান পার্শ্বে বর্ণিত পদে যোগদানের অনুরোধ করা হ'ল। তবে প্রার্থী আগামী ১৪/০৭/২০১৫ ইং তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নহেন মর্মে গণ্যে তার নিয়োগ/নিয়োগপত্র সরাসরি বাতিল হয়েছে মর্মে গণ্য হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

আদেশক্রমে,

স্বা/-

(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)

তাং-

ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

স্মারক নং


জি.এস.

তারিখঃ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ-

১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং ৫২৮, ৫ম তলা, সি.জি.এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
২. ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা, (তাকে অত্র নিয়োগের বিষয়টি বাংলাদেশ গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫. সুপারিনটেনডেন্ট, পত্র বিনিময় শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৬. জনাব/বেগম সুস্মিতা বসাক
পিতা-সাধন কুমার বসাক
ওরিয়েন্টাল অর্কিড, ফ্ল্যাট-নং-এ-১৩
নিউ বেইলী রোড, শান্তিনগর,
রমনা, ঢাকা-১২১৭।

উপরে উল্লেখিত শর্তাবলীতে রাজি থাকলে তাকে আগামী ১৪ / ৭ / ২০১৫ ইং তারিখের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের পত্র বিনিময় শাখায় যোগদানের অনুরোধ করা হ'ল।


০৩-০৭-১৫
(মো' তাহিম বিলিয়াহ)
সহকারী রেজিস্ট্রার
(সাধারণ ও সংস্থাপন)